কেননা তিনি বলেছেনঃ (يَزْعُمُونَ –তারা দাবী করে)- এর দ্বারা তাদের ঈমানকে বাতিল করেছেন। কেননা (يَزْعُمُونَ তারা দাবী করে) এই কথা অধিকাংশ সময় ঐ ব্যক্তির ক্ষেত্রে বলা হয়, যে এমন বিষয়ের দাবী করে– যাতে সে মিথ্যাবাদী, তদনুসারে যে সকল আমল করা প্রয়োজন তার বিরোধীতার মাধ্যমে এবং উক্ত দাবীর বিরোধী আমল করার দ্বারা। তাদের এই আচরণ আল্লাহর বাণীকে প্রমাণ করছে- (وَقَدْ أُمِرُوا أَن يَكْفُرُوا بِهِ -অথচ তাদের প্রতি নির্দেশ হয়েছে তারা যেন তাতে অমান্য করে)। কেননা ত্বাগুতকে অস্বীকার করা তাওহীদ- এর স্তম্ভ। যেমন সূরা বাকারা-এর আয়াতে রয়েছে।

অতএব, যখন এই খুটি পাওয়া যাবে না, তখন সে মুওয়াহ্হিদ (একত্ববাদী) হবে না। একমাত্র তওহীদই হচ্ছে ঈমানের বুনিয়দ, যা দ্বারা সমস্ত আমল সঠিক হবে এবং যদি তা না থাকে তবে সকল আমল বরবাদ হয়ে যাবে।

যেমন উক্ত বিষয় আল্লাহ তায়ালার অত্র আয়াতে বর্ণিত হয়েছে–

فَمَن يَكْفُرْ بِالطَّاغُوتِ وَيُؤْمِن بِاللَّهِ فَقَدِ اسْتَمْسَكَ بِالْعُرْوَةِ الْوُثْقَىٰ

অর্থঃ "যে ব্যক্তি ত্বাগুতকে অস্বীকার করবে এবং আল্লাহতে বিশ্বাস স্থাপন করবে, সে সুদৃঢ় হাতল ধারণ করে নিয়েছে।" (সূরা বাকারাঃ ২৫৬)

অতএব, ত্বাগুত এর নিকট ফয়সালা নিয়ে যাওয়া, তার প্রতি ঈমান আনাকে বলে।

(ফাত্হুল মাজীদ শারহু কিতাবিত তাওহীদ, ৩৮১পৃঃ দারুল হাদীস প্রথম মুদ্রণ)

ইমাম, জামালুদ্দীন ক্বাসিমী (রহঃ)ঃ

তিনি আল্লাহ তায়ালার অত্র বাণীর তাফসীর প্রসঙ্গে বলেনঃ

(وَمَن لَّمْ يَحْكُم بِمَا أَنزَلَ اللَّهُ -যে ব্যক্তি আল্লাহর নাযিলকৃত বিধান অনুসারে ফয়সালা করে না)। নিশ্চই উক্ত বাক্যে জোরালো ভাষায় পূর্ববর্তী বিষয়ের পৃথক সিদ্ধান্ত রয়েছে এবং তা লঙ্ঘন করলে কঠোর ধমকী দেয়া হয়েছে। যে ক্ষেত্রে শুধুমাত্র আল্লাহর নাযিলকৃত বিধান অনুযায়ী ফয়সালা পরিত্যাগ করাতেই কুফরীর হুকুম লাগানো হয়েছে, অতএব যে ব্যক্তি এর সাথে সাথে তার বিপরীত ফয়সালা করে, বিশেষ করে তাদেরকে যে বিষয় নিষেধ করা হয়েছে তা দ্বারাই যদি সূচনা হয় তার হুকুম কি হবে!

(মাহাসিন আত তা'বীল, ১৯৯৮পৃঃ)

শাইখ, আহমাদ ইবনে নাসির ইবনে গানীমঃ

তিনি বলেন, নিশ্চয় যারা আল্লাহর নাযিলকৃত বিধান এর পরিবর্তে মানব রচিত আইনকে বিচারের ভার দেয়াতে সন্তুষ্ট হবে এবং এটা ছাড়া অন্য কিছু ইচ্ছা পোষণ করবে, এদের বিধান হচ্ছে তারা কাফির, যেমন তাদের শাসকগণ কাফির।

(আল-বুরহান ওয়াদ দালীল আলা কুফরিন মান হাকামা বি গাইরিত তানযীল, ২৭পৃঃ)

দ্বিতীয় অনুচ্ছেদ

বর্তমান যুগের আলিম ও দায়ীদের ফাত্ওয়া ও মন্তব্য সমূহ

আমরা পূর্বের অনুচ্ছেদে আল্লাহর আইন পরিহার করে অন্যের নিকট বিচার নিয়ে যাওয়া এবং এর বিপরীত ফয়সালা করা বিষয়ে প্রবীণ আলিমদের মন্তব্যের সংক্ষিপ্ত কিছু অংশ তুলে ধরেছি। আমাদেরকে যেন দোষারোপ করা না হয় যে, আমরা আমাদের মতের সমর্থনে তাঁদের কথা পরিবর্তন করে উপস্থাপন করেছি, অথবা তাঁরা যা কিছু বলেছেন সেটা আমাদের অবস্থা অনুযায়ী নয়। বরং সেটা তো অন্য কোন অবস্থা অনুসারে ছিল।

অতএব, বাধ্য হয়ে আমরা বর্তমান যুগের আলিম ও দায়ীগণের ফাত্ওয়া ও মন্তব্য সমূহ উল্লেখ করা প্রয়োজন মনে করছি, যারা আল্লাহর নাযিলকৃত বিধানের পরিবর্তে ফয়সালা করার অবস্থা এবং রব্বানী শরীয়াতকে মানব রচিত আইন-কানুন ও বিধান দ্বারা পরিবর্তন করার বাস্তব অবস্থার সমসাময়িক কালে অবস্থান করছেন এবং বেঁচে আছেন।

শাইখ, আবদুল লতীফ ইবনে আবদুর রহমান ইবনে হাসান ইবনে মুহাম্মদ ইবনে আবদুল ওয়াহ্হাব (রহঃ)ঃ

যাযাবর ও অন্যান্য উপজাতী যারা বাপ-দাদার প্রথানুসারে ফয়সালা করে তাদের সম্পর্কে শাইখকে জিজ্ঞেস করা হলো, অবগত করানোর পর তাদের উপর উক্ত কুফরীর হুকুম প্রয়োগ করা হবে কি না? তিনি উত্তরে বলেন, অবগত করানোর পরেও যে ব্যক্তি আল্লাহ তায়ালার কিতাব ও তার রসূল (সাঃ)- এর সুন্নাতের নিকট বিচার নিয়ে যায় না সে কাফির।

আল্লাহ তায়ালা বলেনঃ

وَمَن لَّمْ يَحْكُم بِمَا أَنزَلَ اللَّهُ فَأُولَٰئِكَ هُمُ الْكَافِرُونَ

অর্থঃ যে ব্যক্তি আল্লাহর নাযিলকৃত বিধান অনুযায়ী ফয়সালা করে না, তারা কাফির। (আদ দারারুস সুন্নিয়া, ৮ম খণ্ড, ২৪১পৃঃ)

শাইখ, সুলাইমান ইবনে আবদুল্লাহ ইবনে শাইখ, মুহাম্মাদ ইবনে আবদুল ওয়াহ্হাব (রহঃ)ঃ

তিনি বলেন, খারিজীগণ আয়াতের প্রকাশ্য অর্থের দিকে লক্ষ্য করে ব্যাপক অর্থ গ্রহণ করে বলে, এটা স্পষ্ট দলীল ঐ ব্যক্তির ক্ষেত্রে যে আল্লহর নাযিলকৃত বিধান পরিত্যাগ করে ফয়সালা করে, সে কাফির। এবং প্রত্যেক ঐ ব্যক্তি যে পাপ করল, সে আল্লাহর নাযিলকৃত বিধান এর বিপরীতে ফয়সালা করল, অতএব সে নিশ্চয় কাফির হয়ে যাবে। অথচ এদের বিপরীতে আহলে সুন্নাহ ওয়াল জামায়াতের ইজমা হয়েছে। আমরা কাউকে কাফির বলি না, কিন্তু যে তাওহীদ অনুযায়ী আল্লাহর নাযিলকৃত বিধান অনুসারে ফয়সালা করে না, বরং এর বিপরীতে বিচার করে, শিরকে লিপ্ত হয়, মুশরিকদের বন্ধু হিসেবে গ্রহণ করে এবং মুয়াহ্হিদীনদের (একত্ববাদী) বিরূদ্ধে তাদের সাহায্য করে, তাদের আমরা কাফির আখ্যায়িত করি।

(আত-তাওযীহ্ আন তাওহীদিল খালাক ফী জাওয়াবি আহলিল ইরাক, ১৪১পৃঃ ; ইমতাউন নযর ফী কাশফি শুবহাতি মুরজিয়াতিল আসর, ৪৯পৃ সহ, শাইখ, আবূ মুহাম্মদ)

তিনি আরো বলেন, অবতরণের দিক দিয়ে খাস্ (নির্দিষ্ট) হলেও যেহেতু এটা মানসূক নয়, অতএব শব্দের ব্যাপক অর্থ গ্রহণ করা হবে।

কেননা আল্লাহর বাণী- وَمَنْ لَّمْ يَحْكُم بِمَا أَنزَلَ اللَّهُ "যে ব্যক্তি আল্লাহর নাযিলকৃত বিধান অনুযায়ী ফয়সালা করে না"- এটা এমন বাক্য যাতে وَمَنْ শব্দ শর্তের স্থলে এসেছে, সুতরাং ওটা ব্যাপক অর্থ বুঝাবে।

(তাওহীদুল খাল্লাক, ১৪১পৃঃ)

শাইখ, হাম্দ ইবনে আতীক নাজদী (রহঃ)ঃ

তিনি আল্লাহ তায়ালা এর আইন ব্যতীত অন্য করো নিকট বিচার নিয়ে যওয়ার হুকুম সম্পর্কে ইবনে কাসীর (রহঃ)- এর মন্তব্য এবং তিনি তাতারীদের কাফির আখ্যায়িত করার ফাত্ওয়া উল্লেখের সময় বলেন, আমার বক্তব্য হচ্ছে, এদের মতো সাধারণ যাযাবর ও তদ্রূপ অন্য সম্প্রদায় যারা বাপ দাদার প্রথাকে সালিস মানে এবং তাদের পূর্বপুরুষগণ যে সকল অভিশপ্ত বিষয় উদ্ভাবন করেছে তাকে বিচারক নির্ধারণ করেছে। তারা এর নাম দিয়েছে

"শারউর রুফাকা"। তারা এটাকে আল্লাহর কিতাব ও তাঁর রসূল (সাঃ)-এর সুন্নাতের উপর প্রাধান্য দেয়, যে ব্যক্তি এরূপ আচরণ করবে, সে কাফির, তার সাথে যুদ্ধ করা ওয়াজিব। যতক্ষণ তারা আল্লাহ তায়ালা ও তাঁর রসূল (সাঃ)-এর আইনের দিকে ফিরে না আসে।

(সাবীলুন নাজাত ওয়াল ফিকাক মিন মুওয়ালাতিল মুরতাদ্দীনা ওয়া আহলিল ইশরাক, ৮৪ পৃঃ ১৪০৮ তম মুদ্রণ)

শাইখুল ইসলাম ফিদ্-দাওলাতিল উছমানিয়া মুসতাফা ছুব্রী (রহঃ)ঃ

তিনি বলেনঃ নিশ্চই এই পৃথক করণ (অর্থাৎ রাষ্ট্র থেকে দ্বীনকে পৃথক করা) দ্বীন ধ্বংসের একটি ঘৃণ ষড়যন্ত্র। এর প্রত্যেকটিতে নতুন আবিস্কার রয়েছে, দ্বীনের বিরুদ্ধে চক্রান্ত স্বরূপ ইউরোপীয়গণ মুসলিম রাষ্ট্রগুলোতে এগুলো জন্ম দিয়েছে, যেন তারা ইসলামের বিরুদ্ধে যুদ্ধ করতে পারে। বরং এর দ্বারা প্রথমত তাদেরকে শাসন ক্ষমতা হতে দূরে রাখা যাবে এবং দ্বিতীয়ত মুসলিম জাতি হতে দূরে রাখা যাবে। গুটি কয়েক ব্যক্তির পশ্চাদপসরণের মাধ্যমে যদি শাসন ক্ষমতায় প্রবেশ করা সম্ভব না হয়, তবে সঙ্ঘবদ্ধভাবে সম্ভব হবে। ব্যক্তির পশ্চাদপসরণের মাধ্যমে সে কুফুরীর অতি নিকটে পৌঁছে যায়। বরং এর দ্বারা সে মুরতাদ প্রশাসন- এর আনুগত্য স্বীকার করে। যা নিজেকে সয়ং সম্পূর্ণ দাবী করে এবং ইসলামী আইনকে তার অধীন করে নেয়।

যে ব্যক্তি তার উপর ইসলামের বীধি-নিষেধের কর্তৃত্ব স্বীকার না করে এবং তার সকল কর্মে দ্বীনের ক্ষমতা গ্রহণ না করে যখন ইসলাম হতে বের হতে পারে, অথচ সে মুসলমাদের একজন মাত্র ব্যক্তি; তবে যে ব্যক্তি প্রশাসনের কেন্দ্রে অবস্থান করে এই ক্ষমতা ও কর্তৃত্ব অস্বীকার করে সে কিরূপে ইসলাম থেকে বের হয়ে যাবে না?

(মাওকিফ্ আল আক্ল ওয়াল ইল্ম ওয়াল আলিম মির রব্বিল আলামিন, ৪থ খণ্ড, ২৮০পৃঃ)

আবু উসাইদ সিরিয়া (রহঃ) বলেনঃ নিশ্চয় রাষ্ট্র হতে ধর্মকে বিচ্ছিন্ন করা- এর চিত্র এই, মানুষ তার রবের সাথে সম্পর্ক রাখে এমন বিষয়ে কিতাব ও সুন্নাহ এর নিকট বিচারের জন্য নিয়ে যাওয়া। যেমন, সলাত, সিয়াম, হজ্জ, এবং অন্যান্য আচার-অনুষ্ঠান। অতঃপর এগুলো ব্যতীত অন্যান্য বিষয়ে কিতাব ও সুন্নাহ ব্যতীত অন্যের কাছে বিচারের জন্য নিয়ে যাওয়া।

অতএব যে ব্যক্তি সলাত, সিয়াম ও অন্যান্য আচার-অনুষ্ঠান কিতাব ও সুন্নাহ ব্যতীত অন্য কিছু হতে গ্রহণ করবে সে নিঃসন্দেহে কাফির। তদ্রূপ যে ব্যক্তি তার জীবন চলার পথ কিতাব ও সুন্নাহ ব্যতীত অন্য উৎস হতে গ্রহণ করবে সেও কাফির। কেননা সে কিতাবুল্লাহ ও তাঁর নবীকে পরিত্যাগ করে অন্য কিছুর কাছে বিচার প্রার্থনা করেছে।

(আত-তাজরিবা আল জিহাদিয়া ফী সুরিয়া, ২য় খণ্ড, ৭৫পৃঃ উসতাদ আবু মুসআব আস সিরিয়া, প্রণীত)

ইমাম, মাহমূদ আলুসী (রহঃ)ঃ

তিনি বলেন, ঐ ব্যক্তি কাফির হওয়াতে কোন সন্দেহ নেই, যে মানব রচিত আইন ভাল মনে করে এবং ওটাকে শরীয়াতের উপর প্রাধান্য দেয় এবং বলে, এটা জ্ঞানের দিক দিয়ে বেশী শ্রেয় ও জাতির জন্য বেশী কল্যাণকর। যখন তাকে কোন বিষয়ে বলা হয়, এক্ষেত্রে শরীয়াতের নির্দেশ এইরূপ, তখন সে ক্ষোভে ফেটে পড়ে এবং রাগে চিল্লাতে থাকে। যেমন আমরা অনেকের ক্ষেত্রে এই বিষয়টি প্রত্যক্ষ করেছি। যাদেরকে আল্লাহ পরিত্যাগ করেছেন, অন্ধ ও বধির করেছেন। অতএব যে ব্যক্তি শরীয়াতের বিরোধিতায় মানব রচিত আইনকে ভাল মনে করে এবং শরীয়াতের আইন-এর উপর ওটা প্রাধান্য দেয় তাকে কাফির আখ্যায়িত করতে ইতস্তত করা ঠিক নয়।

(তাফসীর রুহুল মায়ানী, ২৮তম খণ্ড, ২০, ২১পৃঃ)

শাইখ, মুহাম্মাদ কাত্তানী (রহঃ)ঃ

তিনি পাশ্চাত্যের একজন আলিম। তিনি বলেন, যাদের কাফির বলা হয়েছে, তাদের মধ্যে রয়েছে- দাম্ভিক কাফিরদের অনুসরণ করা, তাদের মাজহাব গ্রহণ করা এবং তাদের রচিত আইন বাস্তবায়ন করা।

তিনি এতটুকও বলেছেন, মোটকথা, অর্থাৎ, মানুষের মাঝে সৃষ্ট বিবাদের মিমাংসা আল মালিকুল হাক্ব (আল্লাহ) যা ফয়সালা করেছেন তার পরিবর্তে তাদের আইন-কানুন দ্বারা বিচার করা। বরং বিবেকপ্রসূত আইন, কুফরী রাজনীতি এবং কল্পনাপ্রসূত রায় দ্বারা বিচার করা। যা কোন শরীয়াত আনয়ন করেনি, কোন দ্বীন নিয়ে আসেনি এবং রব্বুল আলামীনের কোন ফেরেশতাও এটা নিয়ে অবতরণ করেনি। বরং এটা বিভিন্ন আইন সম্বলিত

বিধান যাতে তারা একমত হয়েছে। শয়তান তাদেরকে পথভ্রষ্ট করেছে। এর মাধ্যমে তারা অনুসরণীয় শরীয়াতকে পরিবর্ততের উদ্যোগ নিয়েছে। এবং তাদের কুফ্র, শিরক ও তাদের বাণীকে প্রচলন ঘটানোর চেষ্টা চালিয়েছে। এমন কর্ম হতে সর্তক হওয়া, এটা ঘৃণা করা, শাস্তি প্রদান, এবং যে ব্যক্তি এমন কাজ করবে অথবা তার অন্তর এর দিকে ঝুঁকে পড়বে তার নিন্দা প্রকাশ ইত্যাদি দ্বারা কিতাব ও সুন্নাহ ভরপুর রয়েছে।

(নাসীহাতু আহলিল ইসলাম, ১৯১পৃঃ)

শাইখ, আবদুল্লাহ ইবনে হুমাইদ (রহঃ)ঃ

তিনি বলেন, যে ব্যক্তি সাধারণ আইন রচনা করে লোকদের মানতে বাধ্য করল, যা আল্লাহর আইনের সাংঘর্ষিক, তবে সে এর দ্বারা মিল্লাত (ইসলাম) হতে বের হয়ে গেল এবং কাফিরে পরিণত হল। কাফির আখ্যায়িত করার কারণ- সে আল্লাহর পরিবর্তে আইন প্রণয়ন করেছে।

(আহিম্মিয়াতুল জিহাদ, ১৯৬পৃঃ আলী উল্য়ানী প্রণীত)

শাইখ, মুহাম্মাদ আঃ রশীদ রিয়া (রহঃ)ঃ

তিনি আল্লাহ তায়ালার অত্র আয়াতের তাফসীর প্রসঙ্গে বলেনঃ

وَإِذَا قِيلَ لَهُمْ تَعَالَوْا إِلَىٰ مَا أَنزَلَ اللَّهُ وَإِلَى الرَّسُولِ رَأَيْتَ الْمُنَافِقِينَ يَصُدُّونَ عَنكَ صُدُودًا

অর্থঃ আর যখন তাদেরকে বলা হয় যে, আল্লাহ যা অবতীর্ণ করেছেন তদ্দিকে এসো-যা তিনি রসূলের প্রতি নাযিল করেছেন, তখন আপনি মুনাফেকদিগকে দেখবেন, ওরা আপনার কাছে থেকে সম্পূর্ণ ভাবে সরে যাচ্ছে। (সূরা নিসা, ৬১)

নিশ্চয় এই আয়াত স্পষ্টভাবে বলছে- যে ব্যক্তি ইচ্ছা করে আল্লাহ ও তাঁর রসূল (সাঃ)- এর থেকে মুখ ফিরে নিবে এবং দূরে সরে যাবে, বিশেষ করে এর দিকে তাকে আহ্বান করার পর এবং এটা তাকে জানিয়ে দেয়ার পর, তবে সে মুনাফিক হয়ে যাবে। তার ঈমানের দাবী গণনা করা হবে না এবং তার ইসলামের দাবীও মূল্যহীন।

(তাফসীরে মানার, ৫ম খণ্ড, ২২৭পৃঃ নাওয়াকিযুল ঈমান, ২৯৫পৃঃ সহ; আবদুল আযীয আবদুল লতীফ প্রণীত)

তিনি অনুরূপ আল্লাহ তায়ালার অত্র বাণীর তাফসীর প্রসঙ্গে বলেন,

إِنَّ الَّذِينَ يَكْتُمُونَ مَا أَنزَلَ اللَّهُ مِنَ الْكِتَابِ (- নিশ্চয় যে সকল দলীল-প্রমাণ আমরা অবতীর্ণ করেছি, যারা তা গোপন করে.....)

অত্র আয়াত ঐ সকল নেতাদের ক্ষেত্রে প্রযোজ্য, যারা আল্লাহ যা হারাম করেননি তা তারা লোকদের জন্য হারাম করে। এবং তিনি যা বিধান দেননি, তা তারা লোকদের জন্য আইন প্রণয়ন করে। এভাবে যে, তারা শরীয়াতের বিধানকে তা'বিল করে অথবা পরিত্যাগের মাধ্যমে গোপন করে।

অতএব, এই হুকুমের আওতায় ইয়াহুদী ও খ্রীষ্টানগণ অন্তর্ভূক্ত হবে, এবং যারা তাদের আইন প্রণয়নের ক্ষেত্রে অনুসরণ করে চলবে, যার কোন অনুমোদন আল্লাহ দেননি। এবং তারা এর বিপরীত প্রকাশ করে। এতে কোন পার্থক্য হবে না- উক্ত বিষয় আক্বীদা সংক্রান্ত হোক, যেমন, ইয়াহুদীদের নবী (সাঃ)- এর গুণাবলী গোপন করা। অথবা ভক্ষণ করা এবং **সন্নাসি** জীবন যাপন করা সহ অন্যান্য আহকাম যা তাদের স্বার্থের প্রতি লক্ষ্য রেখে **তৈরী** করত।

আল্লাহ তায়ালা বলেনঃ

تَجْعَلُونَهُ قَرَاطِيسَ تُبْدُونَهَا وَتُخْفُونَ كَثِيرًا

অর্থঃ যা তোমরা বিক্ষিপ্ত পত্রে রেখে লোকদের জন্য প্রকাশ করছ এবং বহুলাংশকে গোপন করছ। (সূরা আনআম, ৯১)

তাদের উক্ত হুকুমের অন্তর্ভূক্ত হবে প্রত্যেক ঐ ব্যক্তি, যারা কিছু ইলম প্রকাশ করবে এবং নিজেদের কোন স্বার্থে কিছু অংশ গোপন করবে, সত্য প্রকাশ তার সমর্থনে নয়।

শাইখ, ইসমাঈল আযহারী (রহঃ)ঃ

তিনি বলেন, যে ব্যক্তি ধারণা করে, এই পূর্ণ শরীয়াত, অথচ এটা ব্যতীত অন্য কোন পরিপূর্ণ শরীয়াত এ বিশ্বে অতিক্রান্ত হয়নি, তা অসম্পূর্ণ এবং বাহিরের কোন রাজনীতির মুখাপেক্ষী যা এটাকে পূর্ণ করবে- সে ঐ ব্যক্তির মত হবে, যে মনে করে তাদের যে রসূল, তাদের জন্য উত্তম বস্তু

হালাল করেন এবং নিকৃষ্ট বস্তু সমূহ হারাম করেন, তিনি ব্যতীত অন্য একজন রসূলের প্রযোজন। তদ্রূপ যে মনে করে, কিতাব- এর কিছু কিছু ফয়সালা এবং সুন্নাতে নববী হতে বিশুদ্ধভাবে প্রমাণিত অনেক বিধান রাজনীতির বিপরীত এবং বিশ্ব ব্যবস্থার স্বার্থ বিরোধী, তবে সে নিশ্চিত কাফির।

(তাহযীরু আহলিল ঈমান আনিল হুক্ম বিগাইরি মা আনযালার রহমান, ৮০, ৮১পৃঃ)

শাইখ, আহমাদ্ শাকির (রহঃ)ঃ

তিনি আল্লাহ তায়ালার বাণী- প্রসঙ্গে ইবনে কাসীর (রহঃ)- এর তাফসীর- এর ব্যাখ্যা করে বলেন,

اَفَحُكْمَ الْجَاهِلِيَّةِ يَبْغُوْنَ (- তারা কি জাহেলিয়াত আমলের ফয়সালা কামনা করে?)

আমার মন্তব্য হচ্ছে, আল্লাহর শরীয়াতের কোন অনুমোদন রয়েছে কি, যে মুসলমানগণ তাদের দেশে মূর্তিপূজারী, নাস্তিক ইউরোপীয়দের আইন-কানুন হতে সংগৃহীত আইন দ্বারা ফয়সালা করবে? বরং এমন আইন দ্বারা যাতে প্রবৃত্তি ও বাতিল অভিমতের পূর্ণ প্রভাব রয়েছে, তারা যা ইচ্ছা তাতে পরিবর্তন-পরিবর্ধন করছে, আর আইন প্রণেতা কোন পরোয়া করে না যে, তা ইসলামের আইন অনুযায়ী হচ্ছে, না এর বিপরীত?

আমাদের জানা মতে মুসলমানগণ তাদের ইতিহাসে তাতারি যুগ ব্যতীত অন্য কোন সময় এমন বিপদের সম্মুখীন হয়নি। আর ওটা ছিল যুলুম ও অত্যাচারের নিকৃষ্ট যুগ। এতদসত্ত্বেও তারা (মুসলমানগণ) এর নিকট মাথা নত করেনি। বরং ইসলাম তাতারদের উপর বিজয় লাভ করে। অতঃপর ইসলাম তাদের উৎসাহ দিয়েছে এবং তাদেরকে স্বীয় আইনে প্রবেশ করিয়েছে এবং মুসলমানগণ তাদের দ্বীন ও শরীয়াতে দৃঢ় থাকার জন্য তাদের কৃতকর্মের চিহ্ন টুকুও মুছে যায়। এটা এ জন্যও যে, নিশ্চয় ঐ জালিম, নিকৃষ্ট ফয়সালা শুধুমাত্র শাসকদের থেকেই প্রকাশ পায়। শাসিত মুসলিম উম্মাহর কোন ব্যক্তি এর সাথে যুক্ত হয়নি, তারা এটা নিজেরাও শিখেনি এবং সন্তাদেরও শিক্ষা দেয়নি। সুতরাং অতিদ্রুত তার প্রভাব নিঃচিহ্ন হয়ে যায়।

আপনি কি লক্ষ্য করেছেন, হিজরী অষ্টমশতকে উক্ত মানব রচিত আইনের জন্য হাফিজ ইবনে কাসীরের শক্ত বিশেষণের প্রতি, যা আল্লাহর

দুশমন 'চেঙ্গীস খান' রচনা করেছিল। তিনি যদি হিজরী চতুর্দশ শতকের মুসলমানদের অবস্থা দেখতেন, তবে কি বিশেষণ লাগাতেন। ওটা এক বিশেষ সম্প্রদায়ের শাসকদের ক্ষেত্রে প্রযোজ্য যারা গতিশীল যুগে ছিল। অতঃপর মুসলিম উম্মাহর সাথে যুক্ত হয়। তারপর তাদের কৃতকর্মের চিহ্ন মুছে যায়।

অতঃপর বর্তমানে মুসলমানগণ নিকৃষ্ট অবস্থায় রয়েছে এবং তাদের পক্ষ হতে বড় যুল্ম ও নির্যাতনের শিকার। বর্তমানে মুসলিম উম্মাহর অধিকাংশ ব্যক্তিই এই শরীয়াত বিরোধী আইনের সাথে প্রায় যুক্ত হয়েছে। এটাই হচ্ছে ঐ 'আল ইয়াসিক'- এর সাথে অধিক সাদৃশ্যপূর্ণ, যা একজন কাফির ব্যক্তি রচনা করেছিল, যার কুফরী স্পষ্ট।

এ সকল আইন যা এমন লোকেরা তৈরী করে, যারা নিজেদেরকে মুসলিম বলে দাবী করে, অতঃপর ওটা মুসলিম সন্তানেরা শিক্ষা গ্রহণ করে এবং পিতা-পুত্র এর দ্বারা গর্ববোধ করে। তারপর তাদের বিভিন্ন বিষয় ও বিবাদ "বর্তমানের আল-ইয়াসিক"- এর নিকট উত্থাপন করে। এবং যারা তাদের এ কাজে বিরোধীতা করে তাদের তুচ্ছ মনে করে। যারা তাদেরকে তাদের দ্বীন ও শরীয়াতের আইনকে দৃঢ়ভাবে গ্রহণ করার জন্য আহবান করে, তারা তাদেরকে "স্থুল-বুদ্ধি", "পশ্চাদমুখী" ইত্যাদি অশ্লীল শব্দে আখ্যায়িত করে। এখানেই তারা ক্ষান্ত নয়, বরং তারা ইসলামের যে সকল আইন-কানুন এখন পর্যন্ত অবশিষ্ট রয়েছে, সেখানেও তারা হস্তক্ষেপ করছে, যেন ওটাকে তাদের "নতুন ইয়াসিক"- এর দিকে পরিবর্তন করতে পারে। কখনো নরম কথা বলে, কখনো চক্রান্ত ও ধোঁকা দিয়ে, এবং কখনো রাষ্ট্রীয় ক্ষমতা বলে। তারা ব্যাখ্যা দেয় এবং তারা ধর্ম হতে রাষ্ট্রকে আলাদা করার প্রচেষ্টা চালাচ্ছে, এতে তারা লজ্জাবোধ করে না।

এতদসত্ত্বেও কোন মুসলমানের জন্য এই নতুন দ্বীন আলিঙ্গন করে নেয়া, অর্থাৎ নতুন আইন রচনা করা বৈধ হবে কি? অথবা কোন মুসলমান ব্যক্তি "আধুনিক আল-ইয়াসিক"- এর ছত্র ছায়ায় বিচারকের দায়িত্ব পালন করা, তদনুসারে আমল করা এবং স্বীয় দলীল ভিত্তিক শরীয়াত হতে মুখ ফিরিয়ে নেয়া বৈধ হবে কি?

নিশ্চয় যে মুসলিম তার দ্বীন সম্পর্কে অবগত, পুরাপুরিভাবে ও সবিস্তারে এর উপর ঈমান রাখে এবং সে এটাও বিশ্বাস করে- নিশ্চয় এই কুরআনকে আল্লাহ তায়ালা তাঁর রসূল (সাঃ)- এর উপর মুহ্কাম কিতাব রূপে নাযিল

করেছেন, যাতে অগ্র ও পশ্চাৎ কোন বাতিল আসতে পারে না। সে আরো বিশ্বাস রাখে- নিশ্চয় তার আনুগত্য করা ও রসূল (সাঃ) যা কিছু নিয়ে আগমন করেছেন সর্বাবস্থায় তার অনুসরণ করা ওয়াজিব, চুড়ান্ত ওয়াজিব, সে ঐরূপ কাজ করতে পারে বলে আমি মনে করি না। আমি এটাও মনে না করি যে, দ্বিধাহীন চিত্তে এবং ব্যাখ্যা-বিশ্লেষণ ছাড়া তার ওটা গ্রহণ করা সম্ভব হবে।

এমতাবস্থায় বিচারের কর্তৃত্ব গ্রহণ করা একেবারে বাতিল। ওটা সংশোধন করা এবং অনুমোদন দেয়ার কোন অবকাশ নেই। নিশ্চয় এই মানব রচিত আইনের ক্ষেত্রে ফয়সালা সূর্য্যের ন্যায় পরিস্কার। তা হচ্ছে স্পষ্ট কুফরী। এতে কোন সন্দেহের অবকাশ নেই এবং কোন প্রতারণার সুযোগ নেই। কোন মুসলমানের পক্ষে তদনুযায়ী আমল করা, অথবা তার কাছে নত হওয়া, কিংবা ওটা স্বীকার করে নেওয়ার কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না। অতএব প্রত্যেক ব্যক্তি নিজেকে সর্তক করা উচিত। এবং প্রত্যেকে নিজের হিসাব গ্রহণ করা আবশ্যক।

(উমদাতুত্- তাফসীর, ৪থ খণ্ড, ১৭১, ১৭২পৃঃ)

শাইখ, মাহমুদ শাকির (রহঃ)ঃ

তিনি বলেন, হে আল্লাহ, পথভ্রষ্টতা হতে আমি তোমার নিকট সম্পর্কহীনতার ঘোষণা দিচ্ছি। হামদ ও সলাতের পরঃ নিশ্চয় সন্দেহ পোষণকারী ব্যক্তি ও ফিতনাবাজ লোকেরা বর্তমান সময়ে যারা বড় বড় কথা বলেন, তারা ঐ সকল শাসক যারা সম্পদ, বিভিন্ন বিষয় এবং রক্তের ফয়সালার ক্ষেত্রে আল্লাহর শরীয়াত, যা তিনি তার কিতাবে অবতীর্ণ করেছেন, তা পরিহার করে, আল্লাহর নাযিলকৃত বিধান অনুযায়ী ফয়সালা করা পরিত্যাগ করে এবং মুসলিম দেশসমূহে কাফিরদের আইনকে বিধান হিসেবে গ্রহণ করে তাদের জন্য বিভিন্ন ওযর পেশ করেন।

অতএব, এমন কর্ম আল্লাহর ফয়সালা হতে মুখ ফিরিয়ে নেয়া, তার দ্বীন থেকে ফিরে যাওয়া এবং কাফিরদের আইনকে আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালার ফয়সালার উপর প্রাধান্য দেয়ারই নামান্তর। এটা স্পষ্ট কুফ্র। আহলে কিবলার কেউ এ বিষয়ে সন্দেহ করে না। তাদের মধ্যে বিভিন্ন বিষয়ে মতভেদ থাকলেও এমন উক্তিকারী এবং এর দিকে আহবানকারীর কাফির আখ্যায়িত করার ক্ষেত্রে কোন মতভেদ নেই। আমরা বর্তমানে যে বিষয়টি

লক্ষ্য করছি তা হলো– কোন কিছু বাদ না দিয়ে ব্যাপক ভাবে আল্লাহর আইনকে পরিহার করা হচ্ছে। তাঁর কিতাব ও তাঁর নবীর সুন্নাতে বর্ণিত ফয়সালার উপরে অন্য আইনকে অগ্রাধিকর দেয়া হচ্ছে এবং আল্লাহর শরীয়াতে যা কিছু রয়েছে সবগুলো নষ্ট করা হচ্ছে। বরং আল্লাহ কর্তৃক অবতীর্ণ আইনের উপর মানব রচিত আইনকে চুড়ান্ত যুক্তির মাধ্যমে প্রাধান্য দেয়া হচ্ছে।

অতএব, যে ব্যাক্তি এই দুইটি আসার (ইবনে আব্বাস ও ইবনে আবী মিজলায এর উক্তি) ও অন্যান্য আসারকে অপপ্রয়োগ করে ও অপব্যাখ্যার মাধ্যমে প্রমাণ করে এর দ্বারা সে শাসককে সাহায্য করতে চায়, অথবা আল্লাহর নাযিলকৃত বিধান ব্যতীত অন্যকিছু দ্বারা ফয়সালা করার অনুমোদনের বাহানা তালাস করে এবং আইন পরিবর্তনের প্রতি সন্তুষ্ট হয়, তাকে এমন কাফির বলা হবে যে তার কুফরীর উপর দৃঢ় সংকল্প। এটা এই দ্বীনের অনুসারীদের সকলের জানা। (উমদাতুত্ তাফসীর, ৪র্থ খণ্ড, ১৫৭পৃঃ)

শাইখ, আবদুর রহমান আস সা'দী (রহঃ)-এর ফাত্ওয়াঃ

তিনি আল্লাহ তায়ালার অত্র আয়াতের তাফসীর প্রসঙ্গে বলেনঃ

أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ يَزْعُمُونَ أَنَّهُمْ آمَنُوا بِمَا أُنزِلَ إِلَيْكَ.....

অর্থঃ আপনি কি তাদেরকে দেখেননি, যারা দাবি করে যে, যা আপনার প্রতি অবতীর্ণ হয়েছে তার প্রতি ঈমান এনেছে..... ।

(সূরা নিসা, ৬০)

নিশ্চয় কিতাব ও সুন্নাহ– এর নিকটে ফিরিয়ে দেয়া ঈমানের পূর্বশর্ত। অতএব, অত্র আয়াত প্রমাণ করছে যে, যে ব্যক্তি তাদের বিরোধপূর্ণ বিষয় কিতাব ও সুন্নাহ- এর নিকট উত্থাপন করে না, সে প্রকৃত মুমিন নয়। বরং সে ত্বাগুত এর প্রতি বিশ্বাসী.. ।

কেননা 'ঈমান' প্রত্যেক বিষয়ে আল্লাহর আইনের নিকট আত্মসমর্পন করতে বলে এবং তাকে সালিস মানতে বলে।

অতএব, যে ব্যক্তি ঈমানের দাবি করে অথচ আল্লাহর আইনের উপর ত্বাগুত- এর আইনকে প্রাধান্য দেয়, সে উক্ত দাবীতে মিথ্যাবাদী।

(তাফসীর আস সা'দী, ১৪৮পৃঃ)

জামিউল আজ্হার- এর উসতাদ, শাইখ, মুহাম্মাদ হাযির হুসাইন (রহঃ)ঃ

তিনি বলেন, নিশ্চয় রাষ্ট্র হতে দ্বীনকে পৃথক করা, দ্বীনের মহান বাস্তবতাকে অস্বীকার করার সামিল। কোন মুসলমানই এমন দুঃসাহস দেখাতে পারে না। (তাহকীমুশ-শারীয়াহ আছ-ছাবী প্রণীত, ৩৩পৃঃ)

শাইখ, সালিহ্ ইবনে ইবরাহীম আল-বুলাইহীঃ

তিনি বলেন, ইসলামী আইনের বিপরীতে মানব রচিত আইন দ্বারা বিচার করা হচ্ছে, ধর্মহীনতা, কুফ্র, বিভ্রান্তি এবং বান্দাদের জন্য যুলম। উক্ত বিষয় নেতৃত্ব দিতে পারেনা এবং ততক্ষণ পর্যন্ত শারয়ী স্বার্থ রক্ষা হবে না, যতক্ষণ পর্যন্ত ইসলামের পূর্ণ বিধানের আমল করা না হয়। আক্বীদা, ইবাদত, আইন-কানুন, আখলাক, চালচলন এবং ব্যবস্থাপনা প্রত্যেক ক্ষেত্রেই হতে হবে।

অতএব, আল্লাহর নাযিলকৃত বিধান ব্যতীত ফয়সালা করা হচ্ছে- এক মাখলূক এর কর্ম দ্বারা তদ্রূপ অন্য মাখলূকের জন্য ফয়সালা করা, এটা ত্বাগুতী আইন অনুযায়ী ফয়সালা করা.....। সুতরাং কোন বিশেষ ব্যক্তি, সাধারণ লোক এবং বিশেষ গোত্রের অবস্থার মধ্যে কোন পার্থক্য নেই। যে কেউ বিধানের ক্ষেত্রে ঐগুলোর মধ্যে পার্থক্য করবে, সে ধর্মত্যাগী, নাস্তিক এবং মহান আল্লাহকে অস্বীকারকারী।

(আসসাবীল যাদুল্ মুসতাক্নি- এর টিকা, ২য় খণ্ড, ৩৮৪পৃঃ)

ইমাম, আল্লামা, সঊদী-এর সাবেক মুফ্তী, আল-মাহাকিমুশ শারয়িয়া-এর প্রধান শাইখ, মুহাম্মাদ ইবনে ইবরাহীম, আলি শাইখ (রহঃ)ঃ

তিনি আল্লাহর নাযিলকৃত বিধানের পরিবর্তে ফয়সালা করাকে ছয় ভাগে বিভক্ত করে প্রত্যেককে কাফির বলেছেন।

প্রথমঃ আল্লাহর নাযিলকৃত বিধানের পরিবর্তে ফয়সালাকারী শাসক, আল্লাহ তায়ালার আইন ও তাঁর রসূল (সাঃ)- এর আইনের প্রাধান্যকে অস্বীকার করবে।

দ্বিতীয়ঃ আল্লাহর নাযিলকৃত বিধানের বিপরীতে ফয়সালাকারী শাসক, আল্লাহ ও তাঁর রসূল (সাঃ)- এর আইন সত্য হওয়া অস্বীকার করে না, কিন্তু

সে রসূল (সাঃ)-এর বিরোধী আইনকে তার আইন হতে অধিক সুন্দর, অধিক পরিপূর্ণ এবং বেশী ব্যাপক বলে বিশ্বাস করে।

তৃতীয়ঃ সে ওটা আল্লাহ তায়ালা ও তাঁর রসূল (সাঃ)-এর আইন হতে উত্তম বলে বিশ্বাস করে না, তবে সে ওটাকে সমপর্যায়ের বিশ্বাস রাখে।

চতুর্থঃ আল্লাহর নাযিলকৃত বিধান-এর বিপরীতে ফয়সালাকারী শাসক, তার ফয়সালাকে আল্লাহ তায়ালা ও তাঁর রসূল (সাঃ)-এর ফয়সালার সমতুল্য বিশ্বাস করে না, কিন্তু সে আল্লাহ তায়ালা ও তাঁর রসূল (সাঃ)-এর ফয়সালার বিপরীত ফয়সালা করা বৈধ মনে করে।

পঞ্চমঃ এটা, এগুলো হতে অনেক বড়, বেশী ব্যাপক ও অধিকতর স্পষ্ট। তা হচ্ছে- শরীয়াত-এর সাথে বিরোধিতা করা, এর আইন-এর সাথে বড়ত্বে প্রতিযোগিতা করা, আল্লাহ তায়ালা ও তাঁর রসূল (সাঃ)- এর সাথে মোকাবালা করা এবং শরীয়াতের আইন-কানুনের সাথে সাদৃশ্য দাঁড় করানো। পরিকল্পনা করে, সাহায্য সহযোগিতা করে, বরাদ্দের মাধ্যমে, প্রতিষ্ঠিত করে, শাখা-প্রশাখা তৈরী করে, বিভিন্ন রূপ দিয়ে, শ্রেণীবিন্যাস করে, নির্দেশ দিয়ে ও বাধ্য করে, এছাড়া বিভিন্ন উপায়ে ইসলামী আইনের সাথে সাদৃশ্য করা।

অতএব, অনেক ইসলামী রাষ্ট্রে এরূপ বহু আদালত পূর্ণরূপে প্রস্তুত রাখা হয়েছে, এর দরজা সমূহ খুলে রাখা হয়েছে। আর লোকেরা দলে দলে সেখানে যায়। তাদের শাসক ও বিচারকগণ কিতাব ও সুন্নাহ- এর বিপরীত ঐসব আইন দ্বারা লোকদের মধ্যে ফয়সালা করে, তারা লোকদের ওটা মানতে বাধ্য করে, তারা এটার জন্য মানুষের স্বীকারোক্তি আদায় করে এবং লোকদের উপর ওটা জোর করে চাপিয়ে দেয়। সুতরাং এর চেয়ে বড় কুফ্র আর কি হতে পারে, এবং "মুহাম্মদ (সাঃ) আল্লাহর রসূল" এই সাক্ষ্য প্রদান- এর সাথে এরপর আর কোন্ বিরোধ বড় হতে পারে?

অতএব, জ্ঞানীদের এ বিষয়ে চিন্তা করা ওয়াজিব। কেননা এতে তাদের দাসত্ব করা হচ্ছে এবং তারা প্রবৃত্তি, বিভিন্ন স্বার্থ এবং ভুল-ত্রুটির মাধ্যমে স্বৈরশাসন চালাচ্ছে। এছাড়া আল্লাহ তায়ালার অকাট্য বাণীর মাধ্যমে তাদের কুফ্রীর বিষয় তো রয়েছেই- وَمَنْ لَّمْ يَحْكُم بِمَا أَنزَلَ اللَّهُ فَأُولَٰئِكَ هُمُ الْكَافِرُونَ যে ব্যক্তি আল্লাহর নাযিলকৃত বিধান অনুযায়ী ফয়সালা করে না তারা কাফির।

ষষ্ঠঃ মরুবাসী ও যাযাবর ও এদের মতো অন্যান্য গোত্র ও উপজাতিদের অনেক প্রধানগণ যা দ্বারা বিচার করে। অর্থাৎ তাদের বাপ-দাদার পুরাণ কাহীনি ও তাদের প্রথা "সালাও মুহিম্ম" যা তারা তাদের নিকট হতে

উত্তরাধিকার সূত্রে পেয়েছে, এর দ্বারা তারা বিচার করে এবং বিবাদের সময় ওটার নিকট বিচার নিয়ে যেতে উৎসাহিত করে। এতে করে তারা জাহেলিয়াতের আইন- এর উপরেই প্রতিষ্ঠিত রয়েছে এবং আল্লাহ ও তার রসূল (সাঃ)- এর আইন হাতে মুখ ফিরিয়ে নিয়েছে। লা-হাওলা ওয়ালা কুওয়াতা ইল্লা বিল্লাহ।

(তাহ্কীমুল কওয়ানীন, ১৪-২০ পৃঃ দারুল মুসলিম হতে প্রথম মুদ্রণ)

শাইখ, ইমাম, মুহাম্মদ আমীন আশ-শানকীত্বী (রহঃ)ঃ

তিনি বলেন, আমরা ইতিপূর্বে উল্লেখ করেছি উক্ত আসমানী নস্ দ্বারা চুড়ান্ত ভাবে স্পষ্ট হচ্ছে- নিশ্চয় যারা মানব রচিত আইন, যা আল্লাহ আয্যা ওয়া জাল্লা রসূলদের যবানীতে বিধান দিয়েছিলেন তার বিরোধিতা করার জন্য শয়তান তার বন্ধুদের মুখদিয়ে রচনা করিয়ে নিয়েছে- এর অনুসরণ করবে, তাদের কাফির ও মুশরিক হওয়ার ক্ষেত্রে কোন ব্যক্তি সন্দেহ করতে পারে না। তবে আল্লাহ যার দৃষ্টিশক্তি ছিনিয়ে নিয়েছেন এবং ওয়াহী- এর নূর হতে যাকে অন্ধ করে রেখেছেন তার কথা ভিন্ন।

অতএব, স্বয়ং সমাজে, তাদের মাল-সম্পদ, ইজ্জত ও তাদের বংশ, জ্ঞান এবং তাদের ধর্মে এই বিধানকে সালিস মানা, আসমান ও যমীনের স্রষ্টাকে অস্বীকার করা এবং সকল সৃষ্ট বস্তুকে যিনি সৃষ্টি করেছেন, তিনি যা রচনা করেছেন ঐ আসমানী বিধান- এর প্রতি বিদ্রোহ করা একই কথা। তিনি তাদের সকল কল্যাণ ও স্বার্থ সম্বন্ধে অধিক অবগত। অতএব তার সাথে অন্য কোন আইন প্রণেতা মান্য করা মারাত্মক অপরাধ।

(আয্ওয়াউল বায়ান, ৪র্থ খণ্ড, ৮৩, ৮৪ পৃঃ)

শাইখ, আবদুল্লাহ ইবনে ক্বায়ূদ হাফেযাহুল্লাহু তায়ালাঃ

তিনি বলেন, নিশ্চিতভাবে দ্বীন ইসলাম হতে যার হুকুম জানা যায় এরূপ ইসলামের আহকাম হতে কিছু বিধান অপসারণ করা এবং এর পরিবর্তে মানব রচিত আইন হালাল করে নেয়া, লোকদের মধ্যে তদনুসারে ফয়সালা করা এবং লোকদেরকে এর নিকট বিচার নিয়ে যেতে উদ্বুদ্ধ করা, এমন ব্যক্তি উক্ত সিদ্ধান্তের জন্য আল্লাহর সাথে শিরক্ করল।

(আশ-শারীয়াতুল ইসলামিয়া লাল-কওয়ানীনুল-ওয়াজ্ইয়া, ১৭৯ পৃঃ আল-হাকিমিয়া রিসালা সহ, ১৬পৃঃ)

শাইখ, ইমাম, আবুল আ'লা মওদূদী (রহঃ)ঃ

তিনি তাঁর গ্রন্থ "আল হুকুমাতুল ইসলামিয়া"- এর মধ্যে সূরা আল-মায়িদার ৪৪, ৪৫, ৪৭ নং আয়াত এর তাফসীর প্রসঙ্গে বলেনঃ এখানে যে ব্যক্তি আল্লাহ তায়ালার নাযিলকৃত আইন অনুযায়ী ফয়সালা করে না, আল্লাহ তায়ালা তার সম্পর্কে তিনটি ফয়সালা করেছেন।

প্রথম, তারা কাফির, দ্বিতীয়, তারা যালিম, তৃতীয়, তারা ফাসিক, এর স্পষ্ট অর্থ হচ্ছে- যে ব্যক্তি আল্লাহর ফয়সালা ও তার আইন পরিত্যাগ করবে এবং অন্য আইন দ্বারা ফয়সালা করবে। সে নিজেই ঐ আইন রচনা করুক, অথবা অন্য কেউ তা তৈরী করুক, তবে সে তিনটি অপরাধ করবে।

প্রথমঃ তার এরূপ হস্তক্ষেপ করা। অর্থাৎ আল্লাহর আইনকে প্রত্যাখান করা, এটা কুফ্র।

দ্বিতীয়ঃ নিশ্চয় তার উক্ত কর্ম আদল ও ইনসাফ বিরোধী এবং এর সাথে নিষ্ঠুর আচরণের সামিল। যে আইন পূর্ণ মাত্রায় প্রয়োগ হবে, তা হচ্ছে আল্লাহ তায়ালা যা প্রকাশ করেছেন। কেউ যদি এর বিরোধিতা করে, অতঃপর এর বিপরীত ফয়সালা করে, তবে সে নিঃসন্দেহে যুলুম করল।

তৃতীয়ঃ সে গোলাম হওয়া সত্ত্বেও তার মুনিব ও মালিকের আইনের বিরোধিতা করল (তিনি আল্লাহ তায়ালা) এবং সে তার নিজস্ব আইন অথবা অন্য কোন মানুষের আইন প্রয়োগ করল। অতএব, সে উক্ত আচরণের দ্বারা দাসত্বের গণ্ডি হতে বের হয়ে গেল এবং আনুগত্যের বন্ধন ছিন্ন করে ফেলল, এটাই হচ্ছে ফিস্ক।

কুফ্র, যুলুম ও ফিস্ক এর সাথে সাথে তার নিশ্চিতরূপে আল্লাহ্র হুকুম হতে বিভ্রান্ত হওয়ার আওতায় প্রবেশ করছে। অতএব, উক্ত তিনটি অপরাধ না পাওয়া পর্যন্ত আল্লাহর নাযিলকৃত বিধান হতে দূরে অবস্থান করা সম্ভব হবে না। (আল-হুকুমাতুল ইসলামিয়া, ১০৫, ১০৬ পৃঃ)

শাইখ, মুহাম্মাদ হামিদ আল-ফাক্বী (রহঃ)ঃ

তিনি, 'ত্বাগুত'- এর অর্থ বর্ণনা প্রসঙ্গে বলেন, সালাফ্দের পছন্দনীয় মত হচ্ছে- নিশ্চয় 'ত্বাগুত' প্রত্যেক ঐ জিনিসকে বলে, যে বান্দাকে আল্লাহর ইবাদত হতে নির্ভেজাল দ্বীন মান্য করতে এবং আল্লাহ ও তাঁর রসূলের (সাঃ) আনুগত্য করতে বাধা দেয় এবং ফিরে রাখে।

এই ত্বাগুত- এর আওতায় পড়বে ইসলাম বহির্ভূত ব্যক্তিদের আইন-কানুন, তাদের রীতি-নীতি সহ অন্যান্য বিষয়, যা মানুষ রচনা করেছে, এর মাধ্যমে তারা রক্ত সংক্রান্ত বিষয়, গুপ্তাঙ্গ সংক্রান্ত বিষয় ও ধন-সম্পদ সম্পর্কীয় বিষয়ে ফয়সালা করতে পারে। এবং এর মাধ্যমে আল্লাহর আইন-কানুনকে ধ্বংস করতে পারে। যেমন হদ্দ কায়েম করা, সুদ, যিনা, মদ এবং অন্যান্য বস্তু হারাম করা। আর এসকল আইন দ্বারা ওগুলোকে হালাল করা হচ্ছে, এবং এগুলোর প্রয়োগ ও বাস্তবায়নকারীদের মাধ্যমে রক্ষণা-বেক্ষণ করা হচ্ছে। এই আইন-কানূন স্বয়ং ত্বাগুত এবং এর প্রণয়নকারী ও প্রচলনকারীগণ ত্বাগুত...। (ফাত্হুল মাজীদ, পার্শ্বটীকা, ২৬৯, ২৭০ পৃঃ)

তিনি আরো বলেন, যেমন ইবনে কাসীর (রহঃ) তাতারদের সম্পর্কে বলেছিলেন।

অনরূপ বরং তার চেয়ে জঘণ্য, ঐ ব্যক্তি যে ইউরোপীয় আইন-কানূন গ্রহণ করে এবং রক্ত, গুপ্তাঙ্গ ও ধন-সম্পদ সম্পর্কীয় বিষয় এটার নিকট-ফয়সালার জন্য নিয়ে যায়, এবং কিতাবুল্লাহ ও সুন্নাতে রসূল (সাঃ) এর উপর তাকে প্রাধান্য দেয়। অথবা সে ওটা জানে এবং তার কাছে উক্ত বিষয় স্পষ্ট। সে নিঃসন্দেহে কাফির, মুরতাদ, যখন সে এতে জেদ করবে এবং আল্লাহর নাযিলকৃত ফয়সালা- এর নিকট ফিরে না আসে। তাকে যে নামেই ডাকা হোকনা কেন, কোন উপকারে আসবেনা এবং সলাত, সিয়াম এর মতো প্রকাশ্য কোন আমলই তার কোন কাজে লাগবে না।

(ফাতহুল মাজীদ, পার্শ্ব টীকা, ৩৮৪ দারুল হাদীস, কাহেরাহ্ হতে প্রথম মুদ্রণ)

উসতাদ, শহীদ, (আমরা এমনটি মনে করি) আবদুল্ কাদির আওদাহ্ (রহঃ)ঃ

তিনি **"এটাই ইসলামের আইন"** এই শিরোনামে উল্লেখ করে বলেনঃ এরূপ ভাবে ইসলাম প্রত্যেক মুসলমানকে শাসক ও তাদের শাসনের ঐ বিষয়- এর অবাধ্য হতে ওয়াজিব ঘোষণা করেছে যাতে স্রষ্টার অবাধ্যতার নির্দেশ দেয়া হয়। শাসক এবং গুটিকয়েক ব্যক্তি আল্লাহর অবাধ্য হচ্ছে এবং আল্লাহ যা হারাম করেছেন তা হালাল করছে। আর প্রশাসন মুসলমানদের জন্য এমন আইন প্রবর্তন করছে, যা তাদেরকে কুফ্রী করতে বাধ্য করে এবং ইসলাম হতে দূরে রাখে।

অতএব, এমন কঠিন সময়ে প্রত্যেক মুসলমানের তার ওয়াজিব দায়িত্ব পালন করা আবশ্যক। প্রত্যেক মুসলমানের উপর ওয়াজিব হচ্ছে- সে কর্মচারী হোক বা সাধারণ জনতা, বিচারক হোক বা না হোক মানবরচিত আইনের উপর হামলা করা এবং ইসলাম বিরোধী স্থাপনায় আক্রমন করা। বিশ্বের সকল প্রান্তের মুসলমানদের দায়িত্ব হচ্ছে– মানব রচিত আইন পরিবর্তন করতে এবং ইসলাম বিরোধী স্থাপনা ধ্বংস করতে এবং এগুলো স্বহস্তে চূর্ণ-বিচূর্ণ করতে একে অপরকে সাহায্য-সহযোগীতা করা।

যদি কোন ব্যক্তি অথবা কিছু লো্ক স্বহস্তে ঐগুলো ধ্বংস করার কাজে অংশ গ্রহণ করতে অপারগ হয়, তবে তার জন্য আবশ্যক হচ্ছে- সে তাদের বিরুদ্ধে বাকযুদ্ধ করবে এবং কলম দ্বারা তাদের উপর হামলা চালাবে, এতে সে ঐ সকল ভাইদের সাহায্য করবে, যারা তাদেরকে শক্তি প্রয়োগের মাধ্যমে পরিবর্তন করতে সামর্থ্য হচ্ছে। যদি কোন ব্যক্তি বা কিছু লোক এমন কাজ করতে অথবা এমন কথা বলতে অসামর্থ্য হয় যার দ্বারা মানব রচিত আইন অথবা ইসলাম বিরোধী কেন্দ্র ধ্বংস করা যায়, তার জন্য ওয়াজিব হচ্ছে, সে যেন অন্তরে অন্তরে তাদের ধ্বংস কামনা করে, ওটাকে লা'নত করে এবং এটার উপর প্রতিষ্ঠিত ব্যক্তিদের মনে মনে লা'নত করে। মুসলমানদের স্বীয় ওয়াজিব দায়িত্ব পালনে এবং এতে সাফলতার জন্য এটাই যথেষ্ট যে- তাদের দূরের ও কাছের, শক্তিশালী ও দূর্বলদের জন্য ঈমানের দাবি হচ্ছে মুনকার (নিকৃষ্ট কাজ)- কে পরিবর্তন করা এবং এ সকল মূর্তি ও ত্বাগুতদের ধ্বংস করা।

("আল ইসলাম ওয়া আযাউনা আল-ক্বানূনি'য়া", "আত তাজরিবাতুল জিহাদি'য়া ফী সূরিয়া", উসতাদ আবু মুসআব্ আস-সূরী প্রণীত গ্রন্থ হতে সংগৃহীত, ২য় খণ্ড, ১৩৩ পৃঃ)

তিনি আরো বলেন, যে সকল বিষয় হারাম হওয়াতে ইজমা হয়েছে, তা বৈধ মনে করা। যেমন, যিনা করা, নেশা করা, এবং হাদ্দ (শাস্তি)- কে বাতিল করা, শারীয়াতের আহকামকে শূণ্য করণ বৈধ মনে করা এবং আল্লাহ তা'আলা যার অনুমোদন দেননি, এমন আইন রচনা করা বৈধ মনে করা, ঐগুলো তো কুফরী এবং ধর্মত্যাগ করা। (পূর্বের প্রমাণের গ্রন্থ দ্রঃ)

তিনি আরো বলেন, বর্তমান যুগে স্পষ্ট কুফরীর উদাহরণ হচ্ছে- শরীয়াতে ইসলামিয়ার ফয়সালা করা হতে বিরত থাকা এবং এর পরিবর্তে মানব রচিত আইন বস্তবায়ন করা। অথচ ইসলামের মুল কথা হচ্ছে- আল্লাহর নাযিলকৃত বিধান অনুযায়ী ফয়সালা করা ওয়াজিব এবং আল্লাহর নাযিলকৃত বিধান ব্যতীত ফয়সালা করা হারাম উক্ত মাসআলা বিষয়ে কুরআনের 'নাস' স্পষ্ট ও অকাট্য.....।

এ বিষয়টি সর্বস্বীকৃত যে, যে ব্যক্তি আল্লাহর নির্দেশ সমূহের কোন নির্দেশ অথবা তাঁর রসূল (সাঃ)- এর আদেশ প্রত্যাখ্যান করবে, সে ইসলাম হতে বের হয়ে যাবে। সন্দেহবশত, বা গ্রহণ না করে অথবা স্বীকৃতি দানে বিরত থেকে প্রত্যাখ্যান করলেও তাতে কোন পার্থক্য হবে না।

(তার মূল্যবান গ্রন্থ "আত-তাশ্রীউল মান্নানী" ২য় খণ্ড, ৮০৭পৃঃ দেখুন!)

উসতাদ, শহীদ, (আমরা এমটি মনে করি) সাইয়িদ্ কুতুব (রহঃ)ঃ

তিনি বলেন, এর প্রত্যেকটি বিষয়ে মাসআলা হচ্ছে- ঈমান অথবা কুফরির মাসআলা, ইসলাম বা জাহেলিয়াতের মাসআলা, শরীয়াত কিংবা খেয়াল-খুশির মাসআলা। এই বিষয়ে মধ্যস্থতার কোন অবকাশ নেই, কোন সন্ধি বা আপোষের সুযোগ নেই। অতএব মু'মিন তারাই, যারা আল্লাহর নাযিলকৃত বিধান অনুযায়ী ফয়সালা করে (এর বিন্দুমাত্র ভঙ্গ করে না এবং কোন্ কিছু পরিবর্তন করেনা)।

আর কাফির, যালিম, ফাসিক তারাই, যারা আল্লাহর নাযিলকৃত বিধান অনুযায়ী ফয়সালা করে না। সুতরাং শাসক ও বিচারকগণ যদি পূর্ণরূপে আল্লাহর শরীয়াতের উপর প্রতিষ্ঠিত থাকেন, তখন তারা ঈমানের বন্ধনে আবদ্ধ থাকবেন। নয়তো তারা অন্য কোন শরীয়াতে কায়েম থাকবেন, যার কোন অনুমোদন আল্লাহ দেননি, তবে তারা কাফির, যালিম ও ফাসিক হয়ে যাবেন। আর লোকেরা যদি প্রতিটি ক্রিয়াকর্মে শাসক ও বিচারকদের নিকট হতে আল্লাহর বিধান ও ফয়সালা গ্রহণ করে তবে তারা মু'মিন থাকবে, নচেৎ

তারা মু'মিন নয়। এই পথ ও ওটার মধ্যে মধ্যস্থতা করার কোন সুযোগ নেই। মাস্লাহাত (কল্যাণ, স্বার্থ)- এর পক্ষে কোন হুজ্জাত, বা কোন ওযর কিংবা কোন যুক্তির অবকাশ নেই।

অতএব, একমাত্র আল্লাহই মানুষের প্রভু, তিনি মানুষের কল্যাণ সম্পর্কে জ্ঞাত। তিনি মানুষের প্রকৃত কল্যাণ ও স্বার্থের প্রতি লক্ষ্য রেখে আইন রচনা করেন। তাঁর বিধান ও শরীয়াত হতে উত্তম কোন বিধান বা শরীয়াত নেই। তার কোন বান্দার এ অধিকার নেই যে বলবে, আমি আল্লাহর আইন প্রত্যাখ্যান করি, অথবা বলবে, নিশ্চয় আমি আল্লাহ হতে সৃষ্ট জীবের কল্যাণ সম্পর্কে অধিক প্রত্যক্ষকারী। যদি সে মুখের বা কর্মের দ্বারা এমন কথা বলে, তবে সে ঈমানের বন্ধন হতে বের হয়ে যাবে।

(দেখুন, তাঁর মূল্যবান তাফসীর 'যিলালুল কুরআন' ২য় খণ্ড, ৮৮৮পৃঃ; অধিক জানতে হলে তাঁর সূরা মায়িদার আয়াত সমূহের তাফসীর দেখুন, কেননা ওটা অত্যান্ত মূল্যবান)

শাইখ, উসতাদ, মুহাম্মদ কুতুব (হাঃ) তায়ালাঃ

তিনি বলেন, আমরা কিরূপে নিজেদের জন্য মনে করতে পারি যে, লা–ইলাহা ইল্লাহ এর উপর ঈমান এনেছি। অর্থাৎ, আল্লাহ ব্যতীত সত্য কোন মাবুদ নাই, এবং আল্লাহ ছাড়া কোন বিধানদাতা নেই, যখন আমরা অবস্থা অনুযায়ী যা মুখে যেন বলছি হে প্রতি পালক, নিশ্চয় তুমি বলেছ, 'সুদ হারাম' আর আমরা বলছি এটা সমসাময়িক অর্থনীতি জীবনের মূল বিষয়, এটা ব্যতীত প্রতিষ্ঠ লাভ করাই অসম্ভব।

অতএব, আমরা এর অনুমোদন দিয়েছি, এবং তা চালু করেছি এবং এটাকে সম্পদ বিনিময় করার মূল হিসেবে নির্ধারণ করেছি! হে রব, তুমি বলেছ, যিনা হারাম। তোমার প্রেরীত কিতাব ও তোমার রসূলের সুন্নাতে এটার জন্য নির্দিষ্ট শাস্তি নির্ধারণ করেছ, অথচ আমরা দেখছি এটা এমন কোন অপরাধনয় যার জন্য বিশেষকরে নির্দিষ্ট শাস্তি দিতে হবে, যখন উভয়ের সম্মতিক্রমে হবে এবং মহিলাটি ছোট নয়! যখন কাজটি এভাবে সংঘটিত হবে, তখন আমরা অপরাধের প্রতি লক্ষ্য করে তোমার নির্ধারিত শাস্তির পরিবর্তে অন্য শাস্তি নির্ধারণ করেছি! হে প্রতিপালক, তুমি তো বলেছ, চুরি করার শাস্তি হাত কেটে দেয়া, আর আমরা লক্ষ্য করছি, এই শাস্তি নিষ্ঠুর ও বর্বর, আমাদের নিকট চুরি করার শাস্তি জেল দেয়া, এটা বিংশ শতাব্দীর একটি মার্জিত শাস্তি! (তাত্ববীকুশ শারীয়া, ২০, ২১ পৃঃ)

শাইখ, মুজাহিদ, ডঃ উমার আবদুর রহমান,
(আল্লাহ তায়ালা তাকে হিফাযত করুন এবং আমেরিকায় ত্বাগুতদের জেলখানা হতে মুক্ত করুন!)

তিনি সূরা মায়িদার আয়াতের তাফসীর প্রসঙ্গে বলেন, (اَلْكَافِرُوْنَ তারা কাফির) নিশ্চয় আয়াতের প্রকাশ্য অর্থ পরিত্যাগ করা হয়েছে। যদিও ফয়সালা করা অন্তর এবং অঙ্গ-প্রত্যঙ্গ- এর আমলকে সামিল করে, কিন্তু এখানে এ থেকে অন্তরের আমল বুঝানো হয়েছে, অর্থাৎ 'তাসদীক' (বিশ্বাস করা)। সুতরাং যে ব্যক্তি আল্লাহর নাযিলকৃত বিধানকে বিশ্বাস করবে না, 'সে যে কাফির' তাতে কোন বিতর্ক নেই। এছাড়া জিনস এর উপর مَا - মা হাম্ল হওয়ার জন্য আম নফী অর্থাৎ ব্যাপক না বোধক উদ্দেশ্য হয়। অতএব, যে ব্যক্তি আল্লাহর নাযিলকৃত বিধানের কোন একটি অনুযায়ী ফয়সালা করবে না, সে অবিশ্বাস করেই এমন কাজ করেছে, এতে কোন সন্দেহ নেই। ঐ ব্যক্তি কাফির হওয়ায় কোন বিবাদ নেই।

এই আয়াতে যে সত্য সম্পর্কে কারো কোন বিতর্ক নেই, আর এটাই সমর্থনপুষ্ট এবং প্রাপ্ত অভিমত, তা হচ্ছে- নিশ্চয় আয়াতটি আহলে কিতাব ও অন্যান্যদের জন্য আম। ইয়াহুদী, খ্রীষ্টান ও মুসলমান সকলকেই গণ্য করবে যে শাসক আল্লাহর নাযিলকৃত বিধানের বিপরীত ফয়সালা করবে, সে কাফির, এক্ষেত্রে তার উক্ত কুফরী তাকে মিল্লাত হতে বহিস্কার করবে।

(কালিমাতু হাক্ব, ৪৭পৃঃ)

অতঃপর তিনি বলেন, যখন তুমি উক্ত সংজ্ঞা সম্পর্কে চিন্তা করলে তখন তুমি জানতে পারলে যে, শরীয়াত বিরোধী আইন দ্বারা ফয়সালা করা হচ্ছে ত্বাগুত, এবং নিশ্চয় আল্লাহর নাযিলকৃত বিধানের বিপরীত ফয়সালাকারী শাসক ত্বাগুত। কেননা সে মানব রচিত বিধান দ্বারা ফয়সালা করেছে, কিতাব ও সুন্নাহ হতে যার কোন সূত্র নেই। যে ব্যক্তি কোন মানুষকে প্রভুত্বের বৈশিষ্ট দান করে তার কোন ইসলাম এবং কোন্ ঈমান বাকী থাকতে পারে? যে ব্যক্তি আল্লাহ ও তাঁর রসূল (সাঃ)-এর ফয়সালার অবাধ্য হয়, তার ইসলাম কিরূপে বিশুদ্ধ হবে? (মূল গ্রন্থ, ৬৬পৃঃ)

শাইখ, মুজাহিদ, যিনি এই উম্মাতের মাঝে জিহাদের রূহ নবায়ন করেছেন, ডঃ শহীদ, (আমরা এমনটি ধারণা করি) আবদুল্লাহ আয্যাম (রহঃ)ঃ

তিনি বলেন, যারা আল্লাহর নাযিলকৃত বিধানের বিপরীত আইন প্রণয়ন করে তারা কাফির যদিও তারা ছালাত আদায় করে, রোযা রাখে এবং দ্বীনের অন্যান্য বিধান বাস্তবায়ন করে। যে আইন দ্বারা বিভিন্ন বিষয়, রক্ত সম্পর্কীয় ও মাল-সম্পদ সম্পর্কে বিচার করা হয় সেটা কুফর ও ঈমান অনুসারে শাসকের অভিলাস নির্ধারণ করেছে।

(মাফহুম আল হাকিমি'য়া ফী ফিকরিশ শহীদ আয্যাম, ৩পৃঃ)

তিনি আরো বলেন, অন্তরের সন্তুষ্টির সাথে মানব রচিত আইনের আনুগত্য করা শির্ক, যা তাকে মিল্লাত হতে বের করে দেয়।

(পূর্বের গ্রন্থ, ৪পৃঃ)

তিনি বলেন, ইবাদত হচ্ছে- আইন-কানুন, বিধান, হালাল করা ও হারাম করা। অতএব, যদি উক্ত আইন-কানুন ও বিধান আল্লাহর পক্ষ হতে হয়ে থাকে, তবে আল্লাহর ইবাদত করা হল। আর যদি এ সকল আইন–কানূন মানুষের পক্ষ হতে হয়ে থাকে, তবে মানুষের দাসত্ব করা হলো, যদিও লোকেরা ছালাত আদায় করে, রোযা রাখে এবং ইসলামের অন্যান্য বিধান বাস্তবায়ন করে। এটা অত্যন্ত স্পষ্ট এবং এমন সুদৃঢ় বিষয়, যাতে কোন সন্দেহ, অস্পষ্টতা ও দ্বিধা-দ্বন্দের কোন অবকাশ নেই। সকল ফক্বীহ, এই বিষয়ে ঐক্যমতে উপনীত হয়েছেন যে- "যে ব্যক্তি কোন হারামকে হালাল করল, সে কাফির হয়ে গেল এবং যে ব্যক্তি কোন হালালকে হারাম করল, সে কাফির হয়ে গেল।" "আর মানব রচিত আইন হালাল করণ, হারাম করণ, বৈধ করণ ও নিষেধ করণ ব্যতীত অন্য কিছু নয়।" (পূর্বের গ্রন্থ, ১০ পৃঃ)

তিনি বলেন, কোন ব্যক্তি মানব রচিত আইনের কোন একটি এজন্যই প্রণয়ন করে এবং ওটা আল্লাহর আইনের পরিবর্তে এজন্যই দাঁড় করায় যে, তার মাথায় এই আইন সম্পর্কে এ চিন্তা হয়, বর্তমান সময়ে এই আইন আল্লাহর আইনের চেয়ে উত্তম। এটা স্পষ্ট কুফ্রী, এই উম্মতের কোন ব্যক্তিই এবিষয়ে সন্দেহ পোষণ করতে পারে না।

এখানে কোন পার্থক্য নেই ঐ ব্যক্তির মধ্যে যে বলে, নিশ্চয় ফজরের ছালাত তিন রাকআত এবং ঐ ব্যক্তির মাঝে যে বলে, হত্যাকারীর ফয়সালা এক বছরের জেল। এবং ঐ ব্যক্তির মাঝেও যে বলে, যিনাকারীর শাস্তি ছয় মাস জেল এবং ঐ বক্তির মাঝে যে বলে, রমযান মাসের রোযা লোকদের উপর হারাম। (পূর্বের গ্রন্থ, ১৪, ১৫ পৃঃ)

শাইখ, আবদুল হামীদ, কিশ্ক্ (রহঃ)ঃ

শরীয়তের আইন বাস্তবায়ন করা ওয়াজিব, এটা স্পষ্ট করে বলার জন্য শাসক অথবা আমীর এর সাথে সাক্ষাৎ করা ওয়াজিব, এ প্রসঙ্গে তাকে জিজ্ঞেস করা হলে তিনি উত্তরে বলেন, শরীয়তের আইন বাস্তবয়ন করার বিষয়টি কারো নিকট গোপন রয়েছে কি, যে তার সাথে সাক্ষাত করতে হবে?

(আল–ফাতওয়া, ৫ম খণ্ড, ২৯ পৃঃ)

তিনি তার কোন কোন খুতবায় আরব রাষ্ট্রের প্রেসিডেন্টদের মাসজিদে হারামে প্রবেশ করতে দোষারোপ করেছেন।

তিনি অত্র আয়াত দ্বারা এর প্রমাণ দিয়েছেনঃ

إِنَّمَا الْمُشْرِكُونَ نَجَسٌ فَلَا يَقْرَبُوا الْمَسْجِدَ الْحَرَامَ بَعْدَ عَامِهِمْ هَٰذَا

অর্থঃ মুশরিকরা তো অপবিত্র। সুতরাং এ বছরের পর তারা যেন মসজিদে হারামের নিকট না আসে। (সূরা তাওবাহ্ ২৮)

শাইখ, ছলাহ্ আবূ ইসমাইল (রহঃ)ঃ

তিনি মিসর-এর মানব রচিত আইন এর আদালতের সামনে স্পষ্ট ভাষায় কাফিরদের বিরুদ্ধে যুদ্ধ করা ওয়াজিব প্রসঙ্গে বলেনঃ পূর্বের ও পরের ফক্বীহগণ এ বিষয়ে ঐক্যমতে উপনীত হয়েছেন যে– ইমামত অর্থাৎ রাষ্ট্রের নেতৃত্ব কোন কাফির- এর জন্যে অনুষ্ঠিত হবে না। এবং তদ্রূপ তারা এ বিষয়েও ঐক্যমত পোষণ করেছেন যে- যদি রাষ্ট্র প্রধানের পক্ষ হতে কুফ্র প্রকাশ পায়, তবে তাকে অপসারণ করা ওয়াজিব এবং লোকেরা তার বায়আত ভেঙ্গে ফেলবে।

("কালিমাতু হাক্ব" শাইখ, ডঃ উমার আবদুর রহমান প্রণীত, ৩৮ পৃঃ হতে সংগৃহীত)

শাইখ, হামূদ আত-তুওয়াইজিরী (রহঃ)ঃ

তিনি বলেন, সবচেয়ে বড় পাপ এবং সবচেয়ে খারাপ পরিণাম যাতে অধিকাংশ লোক লিপ্ত। অর্থাৎ শরীয়তের আইনকে প্রত্যাখ্যান করা এবং এর বিনিময়ে ত্বাগুত এর আইন গ্রহণ করা। অর্থাৎ আইন–কানুন, ইউরোপীয় বিধানের অনুরূপ সংবিধান যার প্রত্যেকটি শারীয়াতে মুহাম্মাদীর বিরোধী।

অতঃপর তিনি কুরআনের কয়েকটি আয়াত উল্লেখ করে বলেন, মানুষের মধ্যে কিছু আগাছা জাতীয় লোক, উক্ত সাদৃশ্য- এর দরূণ পূর্ণরূপে বা তার চেয়েও বেশী দ্বীন হতে দূরে সরে গেছে। তাদের মধ্যে অনেকের অবস্থা দ্বীন হতে পূর্ণরূপে মুরতাদ হওয়ার পর্যায়ে এবং বের হওয়ার পর্যায়ে চলে গেছে- লা হাওলা ওয়ালা কুওয়াতা ইল্লা বিল্লাহ্ল আলিইল আযীম!

শারীয়াতে মুহাম্মাদী ব্যতীত অন্যের কাছে বিচার নিয়ে যাওয়া দূরবর্তী পথভ্রষ্টতা এবং সবচেয়ে বড় মুনাফিকী। বর্তমান যুগে শরীয়তে মুহাম্মাদী- এর আইন-কানুন পরিহারকারী অধিকাংশ ত্বাগুত নিজেদেরকে ইসলামের দিকে সম্পৃক্ততার দাবি করলেও তারা ইসলাম হতে দূরে অবস্থান করছে।

(আল-ঈযাহ্ ওয়াত তাবয়ীন লিমা ওয়াকায়া ফীহিল আকসারুল মিন মুশাব্বাহাতিল মুশরিকীন, ২৮, ২৯ পৃঃ)

শাইখ, আবদুল্লাহ ইবনে আবদুর রহমান আল জাবরীণ (হাঃ)

(তিনি এমন একজন মহান ব্যক্তি, যাকে আল্লাহ তায়ালা সঊদী বড় আলিমদের সংগঠন-এর সদস্যপদ হতে ইদানীং পৃথক হওয়ার সম্মান দান করেছেন। কেননা তিনি আলে সঊদ-এর কাফির শাসকদের সামনে সুদৃঢ় পাহাড়ের মত অটল ছিলেন এবং তিনি তার দ্বীন অনুযায়ী তাদের সাথে নরম নরম কথা বলতে অস্বীকার করেছিলেন। আল্লাহতায়ালা তাঁকে দৃঢ় রাখুন।)

তিনি বলেন, নিশ্চয় আইন রচনার অধিকার একমাত্র আল্লাহর। তিনিই বিভিন্ন আইন প্রনয়ন করেন। তিনিই বিভিন্ন বিধান চালু করেন এবং একমাত্র তিনিই এসকল আইন আমল করার জন্য স্বীয় বান্দাদের প্রতি বাধ্য করেছেন। এটা জানা কথা যে. নিশ্চয় আল্লাহর শরীয়ত পরিপূর্ণ। আবারো পূর্ণ করা এবং পরিবর্তন করার অবকাশ নেই।

আল্লাহ তায়ালা বলেনঃ الْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ

অর্থঃ আজকের দিনে আমি তোমাদের জন্যে তোমাদের দ্বীন পূর্ণ করে দিলাম। (সূরা মায়িদাহ্ ৩)

অনত্র আল্লাহ তায়ালা বলেন, مَّا فَرَّطْنَا فِي الْكِتَابِ مِن شَيْءٍ

অর্থঃ আমি এই কিতাবে কোন কিছু বর্ণনা করতে ছেড়ে দেইনি। (সূরা আনআম, ৩৮)

উল্লেখ্য যে, এটা জানা কথা যে, মানব রচিত আইন, যাতে শারীয়তের বিরোধিতা রয়েছে, যে ব্যক্তি এটা বিশ্বাস করবে, তদনুযায়ী আমল করবে, সে মিল্লাত হতে বের হয়ে যাবে, শরীয়াত ছুঁড়ে মারবে এবং জাহেলিয়াতের বিধান দ্বারা ফয়সালা করবে।

অথচ আল্লাহ তায়ালা বলেছেনঃ

أَفَحُكْمَ الْجَاهِلِيَّةِ يَبْغُونَ ۚ وَمَنْ أَحْسَنُ مِنَ اللَّهِ حُكْمًا لِّقَوْمٍ يُوقِنُونَ

অর্থঃ তারা কি জাহেলিয়াত আমলের ফয়সালা কামনা করে? আল্লাহ অপেক্ষা বিশ্বাসীদের জন্যে উত্তম ফয়সালাকারী কে? (সূরা মায়িদাহ ৫০)

সুতরাং আল্লাহর আইন, সর্বোত্তম আইন এবং সর্বশ্রেষ্ঠ বিধান। এটা পরিবর্তন করার অধিকার কারো নেই। যখন ইসলাম কোন ইবাদত ওয়াজিব করে দেবে, তখন ওটা পরিবর্তনের অধিকার কারো নেই, সে যে কেউ হোক না কেন, প্রেসিডেন্ট হোক, মন্ত্রী হোক, বাদশা হোক অথবা নেতা হোক কারো কোন অধিকার নেই।

অতএব, যখন আল্লাহ কোন বিষয়ে ফয়সালা দেবেন, তখন আল্লাহর ফয়সালা অতিক্রম করার কারো অধিকার নেই।

আল্লাহ তায়ালা বলেনঃ

وَمَن لَّمْ يَحْكُم بِمَا أَنزَلَ اللَّهُ فَأُولَٰئِكَ هُمُ الْكَافِرُونَ

অর্থঃ যে ব্যক্তি আল্লাহর নাযিলকৃত বিধান অনুযায়ী ফয়সালা করে না তারা কাফির। (সূরা মায়িদাহ, ৪৪) (হুক্মুদ্ দুখুল ফী মাজালিস আন-নিয়াবিয়া)

শাইখ, সাঈদ হাবী (রহঃ)ঃ

তিনি বলেন, আমরা বর্তমানে ইসলামী ভূখণ্ডে যে সকল আইন-কানুন এর মুখোমুখী হচ্ছি, অনুরূপ কিছু কিছু অবস্থা ইসলামী ইতিহাসে পাওয়া যায়। যেমন তাতারগণ তারা চেঙ্গীস খান এর আইন- এর রক্ষণাবেক্ষণ করত, এর নাম "আল ইয়াসিক" বা "আল ইয়াসা" ছিল। তাদের ইসলামে প্রবেশ এবং উক্ত আইন অনুসারে বিচার করার জন্য আলিমগণ তাদেরকে কাফির ফাত্ওয়া দিয়েছিলেন এবং সাধ্যানুযায়ী তাদের সাথে যুদ্ধ করা ওয়াজিব বলে ফাত্ওয়া দিয়েছিলেন। উক্ত ফাত্ওয়া অনুযায়ী যে সংবিধান ইসলামের বিপরীত তৈরী করা হয়েছে, অথবা ইসলামের বিপরীত আইন বা পদ্ধতি বাধ্যতামূলক করছে, কিংবা পূর্ণ ইসলাম বা তার কিছু অংশ নষ্ট করেছে তাদের কাফির ফাতওয়া প্রদান করতে আমরা দ্বিধা করব না।

(দুরূস ফিল আমালিল ইসলামী, ৮৬, ৮৭ পৃঃ)

তিনি আরো বলেন, বর্তমানে ইসলামের অধিকাংশ স্থানে (বরং প্রত্যেক স্থানে) কাফির, মুরতাদ, নাস্তিক, ধর্মহীন, মুনাফিক, ফাসিদ, গোলযোগ সৃষ্টিকারীগণ, ব্যক্তির আকৃতিতে আথবা সংগঠনের আকারে, কিংবা সংস্থার আকারে কিংবা দলীয়ভাবে নিয়ন্ত্রণ করছে। অতঃপর ইসলামী ভূখণ্ডে পথভ্রষ্ট, কাফির দলের বিস্তার ঘটেছে। এবং (প্রকাশ্য) ও গোপন অনেক সংগঠন কাফিরদের সাথে বন্ধুত্বের জন্য প্রস্তুত হয়েছে। বাতিন (গুপ্ত দল), নাস্তিক ও ধর্মহীনদের অস্তিত্ব মজবূত হয়েছে এবং খ্রীষ্টানগণ তাদের প্রতিশ্রুত ওয়াদা ভেঙ্গে ফেলেছে। আর মুসলিম বিশ্বের ভূখণ্ড সমূহে কাফির মিশ্রিত প্রশাসন গঠিত হয়েছে। এসকল প্রশাসনকে গুরুত্বপূর্ণ যোগান দিয়ে এমন কিছু ব্যক্তি সাহায্য করছে, যারা গোলযোগ সৃষ্টিতে লিপ্ত, লোকদের মধ্যে প্রকাশ্যে যারা পাপ ও কবিরা গুনাহ করছে, এতে তারা জেদ করছে এবং ওটা বৈধ মনে করছে। আর খিলাফত ও নেতৃত্ব হাত ছাড়া হয়ে গিয়েছে।

এসকল কারণে প্রত্যেক মুসলমানের উপর ওয়াজিব-হচ্ছে প্রত্যেক স্থানে ব্যাপক কর্মসূচী গ্রহণ করা যা দ্বারা কাফিরদের উপর কঠোরতা আরোপ করে তাদের মূলোৎপাটন করা যায়।

("জুন্দুল্লাহ ছাক্বাফাহ্ ওয়া আখলাকা" বাবুশ- শিদ্দাতি আলাল–কাফিরীন)

শাইখ, মান্না'খালীল আল ক্বাত্তান (রহঃ)ঃ

তিনি বলেন, আল্লাহ তায়ালা বলেছেনঃ

وَمَا خَلَقْتُ الْجِنَّ وَالْإِنسَ إِلَّا لِيَعْبُدُونِ

অর্থঃ আমি মানব ও দানব কে একমাত্র আমার ইবাদতের জন্যই সৃষ্টি করেছি। (সূরা যারিয়াত, ৫৬)

ইসলামী শরীয়াতের উদ্দেশ্য- আল্লাহ আয্যা ও জাল্লা- এর আইন বিশ্বাস করে এবং তদনুযায়ী চলার মাধ্যমে তাদের জীবনের প্রতিটি বিষয়ে আনুগত্যের মাধ্যমে এই অবাধ্য কুফরী হতে লোকদেরকে এক আল্লাহ- এর দিকে ফিরিয়ে দেয়া। এভাবেই তাওহীদ- এর অর্থ বাস্তবায়িত হবে। যে ব্যক্তি ইসলামের দাবি করে, অথচ তাদের স্বাধীন ক্রিয়াকর্মে এবং জীবনের ইচ্ছাধীন বিষয়াদিতে মানব রচিত আইন- এর কাছে নতি স্বীকার করে, আল্লাহ্- এর পরিবর্তে অন্যের আনুগত্য করে, তবে সে মানুষের ফিত্বরাত হতে বিপরীত দিকে চলে গেল, যা প্রতিষ্ঠা করার জন্য এবং এর দিকে হেদায়াত এর জন্য আমাদের রসূল মুহাম্মাদ (সাঃ) কে প্রেরণ করা হয়েছে, যতক্ষণ না সৃষ্টি জগৎ খালিস আল্লাহর জন্য হয়ে যায়।

শরীয়াতকে বিচারক মান্য করে, মানুষের ইচ্ছাধীন বিষয়াদিতে আল্লাহর নিকট নতি স্বীকার করা আবশ্যক। যেমন সকল সৃষ্টি জগৎ অধীন হয়ে আল্লাহর নিকট নতি স্বীকার করেছে, এমনিভাবে সৃষ্টি জগৎ- এর প্রত্যেকটিতে পূর্ণ সমন্বয় সাধিত হয়। কুরআনে কারীমে উক্ত কথার দিকেই ইশারা করা হয়েছে।

আল্লাহ তায়ালা বলেনঃ

أَفَغَيْرَ دِينِ اللَّهِ يَبْغُونَ وَلَهُ أَسْلَمَ مَن فِي السَّمَاوَاتِ وَالْأَرْضِ طَوْعًا وَكَرْهًا وَإِلَيْهِ يُرْجَعُونَ

অর্থঃ তারা কি আল্লাহর দ্বীনের পরিবর্তে অন্য দ্বীন তালাশ করছে? আসমান ও জমিনে যা কিছু রয়েছে স্বেচ্ছায় হোক বা অনিচ্ছায় হোক, তাঁরই অনুগত হয়েছে এবং তাঁর দিকেই ফিরে যাবে। (সূরা আল-ইমরান, ৮৩)

অতএব, আক্বীদাহ, ইবাদত, আমল ও বিধান- এর ক্ষেত্রে কিরূপে এই বিভক্তি হলো? অথচ আল্লাহ তায়ালা বলেছেনঃ

إِنِ الْحُكْمُ إِلَّا لِلَّهِ ۚ أَمَرَ أَلَّا تَعْبُدُوا إِلَّا إِيَّاهُ

অর্থঃ আল্লাহ ছাড়া কারো বিধান দেওয়ার ক্ষমতা নেই। তিনি আদেশ দিয়েছেন যে, তিনি ব্যতীত অন্য কারো ইবাদত করোনা।

(সূরা ইউসুফ, ৪০)

শরীয়াতে ইসলামের ফয়সালা অনুযায়ী আমল করা ঈমানের একটি রুক্ন এবং আল্লাহ আয্যা ওয়া জাল্লাহ- এর তাওহীদের অন্যতম দাবী। রসূল (সাঃ)-এর জীবদ্দশায় কোন মু'মিনের এ অধিকার ছিল না যে, সে ঈমানের দাবী করবে অথচ তারা তাদের প্রত্যেকটি বিষয়ে রসূলুল্লাহ (সাঃ)-এর নিকট বিচারের জন্য যাবে না, ইবাদত সম্পর্কীয় হোক বা পারস্পারিক লেনদেন সম্পর্কীয় হোক। কেননা প্রতিটি বিষয়ে রসূলুল্লাহ (সাঃ)-এর সালিস মান্যকরা এবং তাঁর ফয়সালা মেনে নেয়া এবং সন্তুষ্ট থাকাই হচ্ছে ঈমানের অন্তস্থল। এবং তাঁর (সাঃ)-এর ওফাতের পর তাঁর শরীয়াতকে সালিস মানার মাধ্যমেই এটা অর্জিত হবে।

আল্লাহ তায়ালা বলেনঃ

فَلَا وَرَبِّكَ لَا يُؤْمِنُونَ حَتَّىٰ يُحَكِّمُوكَ فِيمَا شَجَرَ بَيْنَهُمْ ثُمَّ لَا يَجِدُوا فِي أَنفُسِهِمْ حَرَجًا مِّمَّا قَضَيْتَ وَيُسَلِّمُوا تَسْلِيمًا

অর্থঃ তোমার রবের শপথ! তারা কখনো ঈমানদার হতে পারবে না- যে পর্যন্ত তাদের মধ্যে সৃষ্ট বিবাদের ব্যাপারে তোমাকে বিচারক না করে, তৎপর তুমি যে বিচার করবে তা দ্বিধাহীন অন্তরে গ্রহণ না করে এবং ওটা শান্তভাবে পরিগ্রহণ না করে। (সূরা নিসা, ৬৫)

নাফী দ্বারা তাকীদকৃত কসম- এর হাকীকত এইঃ যখন জওয়াবের কসম নাফী হবে, এমতাবস্থায় لا 'লা' নাফীয়াহ কসম এর উপর প্রবেশ করলে জওয়াব এর নাফীকে তা'কীদ করবে। এখানে জওয়াব হচ্ছে- ঈমান- এর নাফী (لَا يُؤْمِنُونَ) যেমন সামনের বর্ণনায় রয়েছে- প্রত্যেক বিবাদকে সামিল করছে। নিশ্চয় আল্লাহ তায়ালার বাণী (فِيمَا شَجَرَ بَيْنَهُمْ) এর মধ্যে مَا 'মা' আম অর্থ বুঝাচ্ছে। অতএব যে কোন বিষয় হোক না কেন, তার প্রত্যেক বিবাদ ও বিরোধকে শামিল করবে। حَرَج হারায (দ্বিধা না পাওয়ার শর্ত- এর দ্বারা নিশ্চিত সন্তুষ্ট এর তাকীদ করা হয়েছে, যেমন অন্তরের কেন্দ্রস্থল হতে বিচার নিয়ে যাওয়া হয়- {ثُمَّ لَا يَجِدُوا فِي أَنفُسِهِمْ حَرَجًا مِّمَّا قَضَيْتَ}

-তৎপর তুমি যে বিচার করবে তা দ্বিধাহীন অন্তরে গ্রহণ না করে) এবং শরীয়াতের ফয়সালার নিকট প্রকাশ্য ও গোপনে সর্বাবস্থায় আত্মসমর্পণ করা ওয়াজিব। تَسْلِيم -'তাসলীম' দ্বারা মাসদারী অর্থের তাকীদ করা হয়েছে- যেমন তাঁর বাণী {وَيُسَلِّمُوا تَسْلِيمًا ওটা শান্তভাবে গ্রহণ না করে} অতএব, কোন বান্দার ঈমান সঠিক হবে না যতক্ষণ পর্যন্ত তার নিকট হতে ওটা প্রকাশ না পাবে।

এক্ষেত্রে রসূলুল্লাহ (সাঃ) যা নিয়ে এসেছেন তা অনুসরণ করার জন্যই ইসলামী আইনকে সালিস মানতে হবে। এ স্থলে অবস্থান করাই মু'মিনদের পথ। কেননা ওটা তাদের দ্বীন। রসূল (সাঃ)- এর রিসালাত এর উপর অকাট্য প্রমান প্রকাশ পাওয়ার পর তাঁর (সাঃ)- এর আনীত বিধানের বিরোধীতা করা, মু'মিনদের পথ ও তারা দ্বীনে ইসলামের আহকাম এর মধ্য হতে যা আমল করছে এর বিপরীত রাস্তায় চলা, এটা তো পথভ্রষ্টতার সাথে বন্ধুত্ব স্থাপন করা এবং দ্বীন হতে বের হয়ে যাওয়ার সামিল। যার আমলকারীরা জাহান্নামে প্রবেশ করবে। এক্ষেত্রে বিরোধিতা, অবাধ্যতাবশত হোক, অহংকারবশত বা অমান্য অথবা অস্বীকারবশত হোক কোন পার্থক্য নেই,- যতক্ষণ পর্যন্ত ওটা এমন বিষয় হবে যাতে গবেষণা করার কোন অবকাশ নেই। কেননা, বিরুদ্ধাচারণ এর মূল অর্থ- তোমার বন্ধু যেদিকে রয়েছে, তুমি এর বিপরীত দিকে রয়েছ।

আর এটাই হচ্ছে আল্লাহ তায়ালার অত্র আয়াতের অর্থঃ

وَمَن يُشَاقِقِ الرَّسُولَ مِن بَعْدِ مَا تَبَيَّنَ لَهُ الْهُدَىٰ وَيَتَّبِعْ غَيْرَ سَبِيلِ الْمُؤْمِنِينَ نُوَلِّهِ مَا تَوَلَّىٰ وَنُصْلِهِ جَهَنَّمَ ۖ وَسَاءَتْ مَصِيرًا

অর্থঃ যে কেউ রসূলের বিরুদ্ধাচারণ করবে, তার কাছে সরল পথ প্রকাশিত হওয়ার পর এবং সব মু'মিনের অনুসৃত পথের বিরুদ্ধে চলে, আমি তাকে ঐ দিকেই ফেরাব যে দিক সে অবলম্বন করেছে এবং তাকে জাহান্নামে নিক্ষেপ করব। আর তা নিকৃষ্টতর গন্তব্যস্থল। (সূরা নিসা, ১১৫)

ওটা এ জন্য যে, আইন রচনা করা প্রভুত্বের বৈশিষ্ট সমূহের একটি বড় বৈশিষ্ট। অতএব কোন ব্যক্তি বা কোন দলের জন্য আইন প্রণয়নের অধিকার স্বীকার করা হচ্ছে- আল্লাহর সাথে শিরক করা।

আল্লাহ তায়ালা বলেনঃ

إِنَّ اللَّهَ لَا يَغْفِرُ أَن يُشْرَكَ بِهِ وَيَغْفِرُ مَا دُونَ ذَٰلِكَ لِمَن يَشَاءُ ۚ وَمَن يُشْرِكْ بِاللَّهِ فَقَدْ ضَلَّ ضَلَالًا بَعِيدًا

অর্থঃ নিশ্চয় আল্লাহ তাকে ক্ষমা করেন না, যে তার সাথে কাউকে শরীক করে। এছাড়া যাকে ইচ্ছা ক্ষমা করেন। যে আল্লাহর সাথে শরীক করে, সে সুদূর ভ্রান্তিতে পতিত হয়। (সূরা নিসা, ১১৬)

(ওয়াজূবু তাহ্কীম্ আশ-শারীয়াতিল ইসলামি'য়া, ৬০-৬৩পৃঃ)

শাইখ, ডঃ আবদুল কারীম যায়দানঃ

তিনি বলেন, যখন এই জাতি রাষ্ট্রের গোলযোগ সৃষ্টিকারী শাসকদের আনুগত্য করেছে, তাদের বাতিল নির্দেশনার প্রতি নতি স্বীকার করেছে এবং ইসলামী আইন এর বিপরীত তার রীতি-নীতির অনুসরণ করেছে, অতএব তারা শাস্তির যোগ্য। তাদের কোন ওযর গ্রহণ হবে না এবং তাদের হতে দায়মুক্তিও কোন কাজে আসবে না। আনুগত্যের সীমারেখার প্রতি লক্ষ রেখে, ইসলামী আইনের বিরোধী, বিপদগামী কোন যালিম এর ফয়সালার কাছে নতি স্বীকার করা এবং আনুগত্য করা মুসলিম উম্মাহর- এর জন্য সম্ভব নয়। কেননা সে আল্লাহর সামনে উক্ত হারাম আনুগত্য সম্পর্কে জিজ্ঞাসিত হবে।

(আল-ফারদ্ ওয়াদ্ দাওলাহ্, ৯৬, ৯৭পৃঃ)

শাইখ, আবদুল্লাহ আল-ক্বারনীঃ

তিনি বলেন, আমাদের কাছে এটা স্পষ্ট যে- যে ব্যক্তি আল্লাহ তায়ালার নাযিলকৃত বিধানের বিপরীত ফয়সালা করা বৈধ মনে করে, অথচ সে এ বিষয়ে অবগত (অর্থাৎ অকাট্য প্রমাণ এর ভিত্তিতে এবং অভিজ্ঞ আলিমদের বর্ণনার দ্বারা সে এটা জেনেছে-) কিন্তু সে এটা বাধ্যতামূলক গ্রহণ করেনি, সে ব্যক্তি এটা হালাল মনে করে এবং ইসলাম হতে বের হয়ে গেছে বলে গণ্য হবে। যদিও সে এটাকে মিথ্যা প্রতিপন্ন না করে।

(যাওয়াবিত-আত-তাকফীর, ১২৮পৃঃ)

শাইখ, উমার আশকার হাফিযাহুল্লাহু তায়ালাঃ

তিনি বলেন, আবূ উবাইদ কাসিম ইবনে সালাম এর উক্তি- "আল্লাহর নাযিলকৃত বিধান-এর বিপরীত ফয়সালা করা, এমন কুফ্র নয় যা তাকে মিল্লাত হতে বের করে দয়া। সম্ভবত এর দ্বারা উদ্দেশ্য- বিচারক বা মুসলিম শাসকের কোন বিষয়ে প্রবৃত্তি দ্বারা ফয়সালা করা, অথবা তিনি অন্যান্য সকল বিষয়ে আল্লাহর ফয়সালা অনুযায়ী বিচার করেন।

